চুয়াডাঙ্গায় খালা শাশুড়ী হত্যা মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় কলাবাড়ি দক্ষিণ পাড়ায় খালা শাশুড়ী শাহিদা খাতুন (৪৫) হত্যা মামলায় রবিউল ইসলাম নামের একজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের সশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

আজ বুধবার দুপুর তিনটার দিকে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ও দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মোহাম্মদ মাসুদ আলী আসামীর উপস্থিতিতে ওই রায় দেন। নিহত শাহিদা খাতুন রনি চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কলাবাড়ি দক্ষিন পাড়ার রেজাউল ইসলামের স্ত্রী।

মামলা সূত্রে জানা গেছে, ২০০৯ সালের ৬ এপ্রিল রাত আনুমানিক সাড়ে ১২ দিকে পূর্ব শত্রুতার জের ধরে আসামী রবিউল ইসলাম শাহিদা খাতুনকে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে আহত করে। পরে স্বজনরা শাহিদা খাতুনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপালতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। এঘটনায় নিহতের ভাই হাফেজ আ: মতিন বাদী হয়ে ওই দিন সকালে রবিউল ইসলামকে একমাত্র আসামী করে চুয়াডাঙ্গার দামুড়হুদায় একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলাটি গভীর তদন্ত শেষে একই বছর ৪ জুলাই একমাত্র রবিউল ইসলাকে আসামী করে আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন মামলার তদন্তকারী কর্মকর্তা দামুড়হুদা থানার উপ-পরির্দশক তবারক আলী। পরে ১৩ জনের মধ্যে ১১ জনের স্বাক্ষ্য গ্রহণ শেষে আজ দুপুরে ওই রায় দেন বিচারক। যাবজ্জীবন কারাদন্ডপ্রাপ্ত আসামী রবিউল ইসলাম একই গ্রামের আজিজুল মন্ডলের ছেলে।